



ফেসবুক অপপ্রচার অভিযোগে কক্সবাজারে ট্যুরিস্ট পুলিশ প্রধানের থানায় জিডি



ডিআইজি আপেল মাহমুদ। ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগমাধ্যম ও অনলাইন পোর্টালে মিথ্যা ও মানহানিকর তথ্য প্রচারের অভিযোগে কক্সবাজার সদর থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন ট্যুরিস্ট পুলিশের কক্সবাজার অঞ্চলের প্রধান মোঃ আপেল মাহমুদ।

অভিযোগে আরও বলা হয়, ২ মার্চ বিভিন্ন ফেসবুক পেজ ও আইডি থেকে একই ধরনের মানহানিকর ও কুরুচিপূর্ণ বক্তব্য ছড়িয়ে দেওয়া হয়। এর মধ্যে ‘Samudrarb Bela’, ‘Telegram News’ এবং ‘coxbazajournal.com’ নামের পেজসহ একাধিক অ্যাকাউন্ট রয়েছে। এসব পোস্টে তার বিরুদ্ধে কাল্পনিক ও অপমানজনক তথ্য প্রকাশ করা হয়েছে বলে জিডিতে দাবি করা হয়।

ডিআইজি মোঃ আপেল মাহমুদ অভিযোগ করেন, এসব প্রচারের ফলে তার পেশাগত সুনাম ক্ষুণ্ণ হয়েছে এবং সামাজিক ও পারিবারিকভাবে হয়ে প্রতিপন্ন হতে হয়েছে। তিনি সংশ্লিষ্ট ফেসবুক আইডি ও পেজগুলোর ব্যবহারকারীকে শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান।

ভবিষ্যতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপের স্বার্থে বিষয়টি সাধারণ ডায়েরিভুক্ত করা হয়েছে বলে থানা সূত্রে নিশ্চিত করা হয়েছে।